

UTSAB
উৎসব
ঈদ বিশেষ সংখ্যা ২০১৬
Eid Special Edition 2016
utsab
উৎসব
NORTH EAST
BANGLADESHI FAMILIES
"এদিন আজি কোন ঘরে গো খুলে দিল দ্বার
আজি প্রাতে সূর্য ওঠা সফল হল কার"
Sunrise in the North Sea

# উৎসব

## ঈদ বিশেষ সংখ্যা - ২০১৬

: এ সংখ্যায় থাকছে :


| | | |
|---|---|---|
| উৎসব সম্পাদকীয় | | 3 |

ছোটদের লেখা - Kids' writings

| | | |
|---|---|---|
| Miami kids | Raisa | 6 |
| CHESS – a game like no other | Abrar | 7 |
| Eid special recipe | Sahil | 9 |
| My Eid thoughts | Aneeba Tahir | 12 |
| Crafting a Bangladeshi gift box | Raisa | 13 |

বড়দের লেখা - Letters from NE families

| | | |
|---|---|---|
| বিবাগী মন | মাহবুবুর রহমান টিটো | 16 |
| তেল | আবুল বাসার | 17 |
| জানালার কাঁচ | আবুল বাসার | 18 |
| তোয়ধর শ্রাবণী | মাহবুবুর রহমান টিটো | 19 |
| একজন বাংলাদেশী | লতা | 20 |
| বৃটেনে প্রথম বাঙ্গালী | পাপড়ীন নাহার | 22 |
| দুরপাল্লার দেশপ্রেম | শাহাদুজ্জামান | 23 |
| Proud to be me: a beautiful crow | নাসিমা আখতার | 26 |
| Twilight photography | তারেক হোসাইন | 28 |

দেশের লেখা - Letters from Bangladesh

| | | |
|---|---|---|
| ফেসবুক ভাবনা | যোবায়েদ আহসান | 32 |
| এই সংখ্যার পৃষ্ঠপোষক | বিভিন্ন | 38-43 |



উতল হাওয়া লাগল আমার গানের তরণীতে

দোলা লাগে, দোলা লাগে

তোমার চঞ্চল ওই নাচের লহরীতে

যদি কাটে রশি, যদি হাল পড়ে খসি,

যদি ঢেউ উঠে উচ্ছ্বসি,

সম্মুখেতে মরণ যদি জাগে,

করি নে ভয়-- নেবই তারে, নেবই তারে জিতে

# উৎসব বার্তা – Message from UTSAB

North East of the UK is home to many Bangladeshi singles and families. Many of them have settled here for generations, while others have recently migrated from different places around the world. Despite having different qualifications, skills, affluence and regional heritage in Bangladesh, the cultural pride they all share together is truly unique. Core to this pride is the rich history of Bangladesh and her language, Bangla.

UTSAB is a new initiative taken by a few families here in the North East to celebrate this rich cultural heritage. Our celebrations will reach out for mitigating differences in generations. We aim to mark the major Bangladeshi and Bangla events transpiring throughout the year, including National Independence Day, International Mother Language Day, Pohela Boishakh, Eid, Rabindra Jayanti, Nazrul Jayanti and Lalon Festival. We will hopefully also publish our eclectic thoughts in the form of magazines during these events.

This Eid special edition for UTSAB magazine is the first of our many publications. As such, it has a unique trendsetting value, which is second to none. The team worked so very hard to ensure that we have some high quality contributions. We are truly inspired by the enthusiasm shown by families. We hope this will continue, and potentially grow in the days to come.

The UTSAB committee would like to gratefully acknowledge the support it received from our sponsors (see p. 38 to 43). We will work towards setting up high quality collaborations with you in future, as well.

We are an active and a forward-looking cultural society. We will very much appreciate if you have any feedback or comments on this magazine. Please write to ras06r@zepler.net, should you have any such thoughts.

Wishing everyone a very happy and blissful Eid.

**UTSAB**

www.utsab.uk



# ছোটদের লেখা

## Kids' Writings

# Miami Kids

**Raisa** – from Gateshead

With the water sparkling and blue
And the salt swishing through
The playful boys splashing into the waves

The sky filled with dern of dreams
And the sun shimmering hot
The leaves of palm trees are jingling
The tasty catches in the pot

The cold waves going in and out
With the boys playing about
The sky riding over the clouds
As the girls scurried off

When the sun's gone for the day
The sojourning clouds fade away
And there I saw in front of me
A beautiful Miami



utsab উৎসব NORTH EAST BANGLADESHI FAMILIES

# CHESS – A game like none other

**Abrar** – from Newcastle

When I started playing chess I thought that it was a simple game of black and white, but during my journey I had found that this game was not just black and white, but instead an array of myriad colours. Comparing the game of chess to our modern day leisure, chess is seriously underrated by society and doesn't have the much respect it had during the 1950's.



**The concept of Chess**

Chess is a board game for two players. It is played on a square board, made of 64 smaller squares, with eight squares on each side. Each player starts with sixteen pieces: eight pawns, two knights, two bishops, two rooks, one queen and one king. The goal of the game is for each player to try and checkmate the king of the opponent. Checkmate is a threat to 'check' to the opposing king in such a situation that the check cannot be blocked and the king cannot be moved.

**The history of Chess**

Most historians agree that the game of chess was first played in northern India during the Gupta Empire in the 6th century AD. This early type of chess was known as Chaturanga, a Sanskrit word for the military. The Gupta chess pieces were divided like their military into the infantry, cavalry, elephants, and chariots. In time, these pieces became the pawn, knight, bishop, and rook. The English words chess and check both come from the Persian word sh h meaning king.

**An inspirational talk**

Chess is not your normal game. Unlike many other activities chess requires you to think carefully before every move you play. From a spectator's point of view, this game can seem very plain and boring. But from the player's point of view, chess is a puzzle full of endless possibilities. Whilst playing chess you eagerly wait for the moment you make your move, the moment where *you* decide how you want your game played, the moment where *your* decision will affect the other player. It may not be apparent right away but many tactics and strategies are used. But all of this doesn't matter if you're not inspired to play. You mustn't keep dreaming, *face reality*. There's no way that you will be able to beat a frequent player in your first match after reading a book, or watching a tutorial, it requires *effort*. **James Morbey** is a 13 year old boy who is currently in my class. He's been playing chess for over 6 years and is currently one of the best in England.

**Magnus Carlsen** (seen on the right) is the current world champion, and beat many strong players and former world-champions when he was just 13.



**James Fischer** is arguably the **most famous** chess player of all time. To be completely accurate, when he was still alive, he would've been **6x** more famous than Justin Bieber and Beyoncé combined.

It is never late. So give it a go, as it's something that could change *your* life, help you to learn important life skills , problem solving ability and your personality as a whole.

# Eid Special Recipes

**Sahil** – from Newcastle

So because it's Eid, and most of us have been fasting for Ramadan, I've decided to create some scrumptious recipes! Starting with a cool, zesty summer salad and ending with a revitalizing summer fruit dessert. These recipes will be the highlight of your day, also perfect for any occasion. Not to mention they are very quick and easy.

**<u>STARTER: Spicy, Sour, Salad Surprise</u>**



Try making this cool & refreshing salad which combines the zesty bittersweet tang from the lime with the spicy aromatic flavours of the Chat masala in one dish! The variety of textures coming from the creamy avocado and the crunchy cucumber makes this dish for a summer barbeque.

Ingredients: Lettuce, 1 Avocado, 2 Boiled Eggs, 100g Mozzarella cheese, Chilli Flakes ¼ tea spoon, ½ Cucumber, 2 spring onion, 100g chopped Coriander leaf, 6 cherry Tomatoes, 50g Mayonnaise, 1 tea spoon Chat Masala, 1 Lime juice

Method:

1. Boil the egg for approximately 20 minutes.
2. Dice the Cucumber, Avocado, Tomatoes & Mozzarella cheese into equal cube sizes. (If you are making this dish a few hours in advance, chop the avocado and add it into the

salad just before you are about to serve so that it doesn't go black). Then chop the lettuce.

3. Put cheese, egg & vegetables into a serving bowl and add the mayonnaise. Chat masala, spring onion & Coriander leaf . Now evenly distribute the mayonnaise amongst the salad .
4. Sprinkle the chat masala over the salad.
5. Drizzle some of the lime juice onto salad
6. Enjoy your salad with toasted bread or pitta bread !

## MAIN COURSE: A meatball mash up

Have a taste of this culturally diverse dish, which fuses a popular Italian dish with traditional south Asian dish, to create the meatball mash up. It's a cluster of light and spicy minced lamb meatballs covered in a freshly fried crunchy porota, perfect for a casual meal to have with you friends & family.:-)

Ingredients:

(Metball for 4) 150g Minced lamb, 1 tea spoon garam masala powder, ¼ tea spoon salt, 1 a teaspoon of cumin powder and ½ a chopped onion.

For the Roll: 4 Ready Made frozen porota, 4 table teaspoon Peri peri sauce and 4 table teaspoon chopped lettuce.

Method:



7. Preheat the oven to 200°C (Don't forget, if you're a child you must ask an adult to supervise) and line a baking tray with tin foil.
8. Prepare the meatballs by adding all the spices to lamb mince.
9. Then roll the lamb mince into 12 evenly sized balls.
10. Place the meatballs on the baking tray and bake for 10-15 minutes until it is slightly brown on the outside.

11. Prepare your porota (I assume you know how to make the readymade porota) .
12. Once the porota's are cooked, make a slit to the radius of the porota and roll one side of the slit to the other, and magically you will have made a cone.
13. Chop the lettuce and put it inside the cone and add the meatballs & Peri Peri Souse also. Enjoy your wrap!

**DESSERT: Strawberry Blitz**

Let's face it, we all need a bit of healthy in our lives, but at the same time you need a bit of sweetness as well. That's exactly what this dish is about! From the mouth-watering blended flavours of double cream, and the refreshing strawberries (freshly picked from your fridge). The Strawberry Blitz is a healthy home-made delight. A 50-50 masterpiece.



Ingredients (serves 4): 12 strawberries, ¾ pint of double cream, Milk powder to taste and 2 oz of icing sugar

Method:

14. Blend the double cream and icing sugar until the mixture has doubled in size.
15. Pour the mixture into the serving bowl
16. Slice the strawberries into equal pieces and add to the mixture.
17. Sprinkle the dish with milk powder (preferable nestle nido powder) and enjoy your meal!

So there - that's the end of my Eid food trilogy. I hope you have enjoyed my delicious recipes! But don't be sad, there shall be more next Eid. And on that bombshell – Good bye!

# My Eid Thoughts

**Aneeba Tahir** – from Newcastle

When I began writing this, I sat down on the leather couch and thought,

" What first comes to mind when someone asks me about Eid?"

My answer was simple, a Muslim Christmas. But many didn't know there was much more needed to be elaborated. Eid is full of the jingles the bangles make and the joy the laughter brings. The fragrance of the perfumes bursts through the rooms and the smell of the different cosmetic makeup travels up our noses. The tiredness of fasting is wiped off of our faces as nervousness stirs in our stomach.  Butterflies fly in our stomach the night before, making it difficult to sleep as our mind is anticipating the day to come.


Looking around the room, the familiar faces had matching grins, expressing their happiness. Eid brings families together as conflicts and disagreements are put aside. Money has no significance as money is distributed evenly and the rich give money to the unfortunate. So the next time someone asks me what Eid is, I will have no hesitation the reply with " Eid is Eid" because although the answer is very obscure, it could not have been more detailed.



# Crafting a Bangladeshi Gift Box

**Raisa** – from Gateshead

Crafting is a great way of learning creative skills. It requires careful thinking, organisation and passion for innovating new artefacts. Today I am going to show you how a beautiful Bangladeshi gift box can be created using only a piece of paper. Just follow the instructions below:




1. Trace the template shown above onto some card.
2. Cut it out along the red lines. Fold on the blue lines on it.
3. Glue A under B, and glue C under A. Glue D under C. The product should have started to take the form of a box.
4. There will be an opening at the edge of the box, where it needs to look like a fold to be able to contain items properly. Glue/tape the edge closed so that it looks like a fold.
5. Using a hole-punch, punch 1 hole each in the top corner of F and H. The holes should each be 5mm from the top corner.
6. Push E and G into the gift box. And thread ribbon through the holes in F and H. Tie a bow on the ribbon to make sure that F and H meet at the top corners.

**BONUS**: Decorate the box by drawing Bangladeshi flags on it. Put things like jewellery and candy in it for a special someone! ENJOY!☺


উৎসব
EID
EXTRAVAGANZA
2016
Join us
for this
GRAND
EVENT
SUNDAY, 17 JULY
1PM TO 7PM
VENUE:
ST AIDAN'S COMMUNITY CENTRE
PRINCES ROAD, BRUNTON PARK,
NEWCASTLE UPON TYNE, NE3 5TT
TO BOOK YOUR PLACE PLEASE PRE-PAY:
£10 (PER ADULT)
£7 (PER CHILD, 12 YEARS AND BELOW)
FREE FOR CHILDREN UNDER 5
FEATURING:
[1-3PM] 3-COURSE EID LUNCH
[3-4PM] KIDS' PERFORMANCES AND FASHION SHOW
[4-6PM] MOVIE SHOW FOR KIDS (IN A SEPARATE ROOM)
[4-4:30PM] GAMES AND RAFFLE DRAW
[4:30-5PM] TEA AND SNACKS
[5-6PM] MUSICAL SHOW BY TARIQUE AND OTHERS
[6-7PM] CONCERT BY PRETOM'S BAND (FROM LONDON)
[2-6PM] STALLS
(FOR YOUR STALL
CONTACT LATA: 07853375185 ASAP)
Contact:
Newcastle and Tynemouth:
Lata (07853375185), Shirin (07742796220)
Gateshead and Durham: Rishad (07846051379)
Tees Valley and Others areas: Mosharraf (07887886815)
ORGANISED BY:
utsab উৎসব NORTH EAST BANGLADESHI FAMILIES
WWW.UTSAB.UK



# বড়দের লেখা

# Letters from NE Families

# বিবাগী মন

**মাহবুবুর রহমান টিটো** - নিউক্যাসেল থেকে

অনাবিল প্রশান্তির অমর্ত্য স্বদেশ
হাতছানি দেয় নিরন্ত
তা এক প্রাচীন ধূসর ইতিহাসের মতো বিমূর্ত
বহুদিন বহুদূর জনপদে রয়ে গেলাম অনন্ত

তবু তারে পড়ে মনে নিরন্তর
ভোরে পাখির গানে, গোধূলি লগ্নে; বিমর্ষ এই মন
ফিরে দেখে বঙ্গোপসাগর, বহু দূর সে প্রান্তর
স্মরণের দুয়ার খুলে অতীত-বিধুর হয় এই মন

বসন্ত এলে, ফাল্গুনী হাওয়ায় মন যে দোলে
শীতে পিঠা-পর্ব, হেমন্তে নবান্নের উৎসব
শরতের ফুল-ফল, সবজির সমারোহ আর
রুদ্র দিনের শেষে, বর্ষার প্রথম কদম ফুল ফোটে
বিবাগী এই মন কিছুতেই ভুলে না তারে!



# তেল

**আবুল বাসার** - ডার্লিংটন থেকে

আমাকে একদিন এক কবি বললেন
বুঝলে 'বেশী বেশী পড়বে কিন্তু কম লিখবে,
কবিদের অত বেশী প্রসব বেদনায় কাতর হতে নেই'।
আরেকদিন এক পত্রিকার সম্পাদকও একই কথা বললেন;
তিনি আরও বললেন কবিকে তার চলার পথ নিজেকেই করে নিতে হয়।

আজকাল কাগজে আর কলমে
কেউ আল্পনা আঁকার রিহার্সেল দেয় না,
যন্ত্রের খটখট শব্দে শুধু আঙুলগুলো বৈরী বাতাসে স্বমেহনের মুগ্ধতা ছড়ায়;
আর যে কবি বলেছিলেন 'অত বেশী লিখতে নেই'
তার বয়সের ভারে খসখসে চুলগুলোও সামাজিক যোগাযোগ মাধ্যমে
প্রতিক্ষণের প্রসব উন্মাদনায় কেশবতি সুকন্যা হয়ে ওঠে।
সেই যে সম্পাদক যিনি বলেছিলেন 'কবিকে তার চলার পথ নিজেকেই করে নিতে হয়'
তিনি বিভিন্ন ফিচারে অভিন্ন এক অনামিকাকে নিয়ে লিখেই যাচ্ছেন কত শ্রুতিময় বাক্য,

'ইনি খুব শিল্প পাগল হে! ফিরিঙ্গি ভষার স্কুলে কোমলমতি শিশুদেরও শিখিয়েছেন অনেক শিল্পের কথা'।
ঘরে ফিরে কবি বসুমতি সুকন্যার গালে কপট চিমটি কেটে দূরের জানালায় তাকান,
তার উদাসী চোখ এখনও অনেক বঞ্চনার স্বাক্ষী।
আর ঐ যে সম্পাদক যিনি কোন বিপন্ন কবিকে বলেছিলেন
চলার পথের নুড়িময় পাঁথরের কথা,
তিনি ঘরে ফিরে ঘুমন্ত স্ত্রীর চোখের দিকে তাকিয়ে ম্লান হেসে অস্ফুটে বলে ওঠেন
'এভাবে আর কতকাল নিজেকে বিকিয়ে তোমাকে সাজানো?'

অতঃপর যিনি লেখেন অর্থাৎ কবি,
যিনি বিজ্ঞাপনের রঙিন মোড়কের মত কবিকে ব্যাঙময় করে তোলেন অর্থাৎ সম্পাদক,
আর তৃতীয় একজন যিনি উল্লিখিত দু'জনের মত কি-- ছু একটা হতে চান

তাদের সকলের কাছেই একটি কাল কুচকুচে লোহার পিপার ভিতরে রক্ষিত ‘তেল’
খুব বেশী উপাদেয় হয়ে ওঠে।
যার যথার্থ ব্যবহারে ছিঁচকে মস্তান থেকে বড় নেতা,
চায়ের স্টলের চারণ কবি থেকে রমনার বটমূলে মুগ্ধতা ছড়ানো কবি,
আর অজপাড়াগায়ের পত্রিকার রিপোর্টার হয়ে ওঠেন দাড়িগোঁফ ওয়ালা জ্ঞানগর্ভ সম্পাদক।
অতঃপর অতঃপর সেই একজন যে কবি হতে চেয়েছিল
পেন্ডুলামের দোদুল্যমান কাটার মতই
তার স্বপ্ন অনবরত দোল খেতে খেতে-- --
দোল খেতে খেতে-- -
তেলের যথার্থ ব্যবহারে তাকে অপটুই মনে হয়।

## জানালার কাঁচ

**আবুল বাসার** - ডার্লিংটন থেকে

অন্ধকারে কিছু কালসাপ,
অন্ধকারে কিছু মানুষ;
যে যার মত কুণ্ডলী পাকিয়ে আছে।

অন্ধকারে কিছু শেয়াল,
অন্ধকারে কিছু মতলববাজ;
যে যার মতো খাবার খুঁজে যাচ্ছে।

এই অন্ধকারের কোন এক নির্ঘুম রাতে
জানালার কাঁচ খুঁজে গেছে অসীম আকাশ,
অজানাই রয়ে গেছে তার কাছে আজও

শিশিরের জল না বৃষ্টির আঁচ
কে তার কতটুকু আপন!

## তোয়ধর শ্রাবণী

**মাহবুবুর রহমান টিটো** - নিউক্যাসেল থেকে

কতদিন দেখিনি প্রিয় শ্রাবণী তোমায়
বিস্মৃতির অতলে তলিয়ে ছিলে প্রায়
নীরদা মেঘের আড়ালে তুমি উঁকি দিলে
ভেজা জ্যোৎস্নায় প্রকৃতি ভাসিয়ে দিলে।

মনে পড়ে শ্রাবণের মেঘাড়ম্বর, শীতল শমনী
সন্ধ্যার চা-সিঙ্গারা আর বন্ধুদের সান্নিধ্য।
আর এখন এক গগনচারীর একাকীত্ব
বিমূর্ত বিভাবনা আর রুদ্র দ্রোহের স্বপ্ন চারণ তোয়ধর শ্রাবণী।

সজল হাওয়ায় হেম কেতকীর সুবাস
কী অপার আনন্দ-কানন ছিল সে আবাস;
তা সুধুই স্মৃতির অনুরণন
চোখে জমে থাকা শ্রাবণী রোদন।



# একজন বাংলাদেশী

**লতা** - নিউক্যাসেল থেকে

একজন বাংলাদেশী, যার জন্ম এবং বেড়ে ওঠা বাংলাদেশে, সে দেশ ছেড়ে পৃথিবীর যেখানেই বাস করুক, নিজেকে বাঙালী ভাবতে এবং পরিচয় দিতেই সবচাইতে গর্বিত বোধ করবে। আমিও ঠিক তেমনি একজন। আমার আমিকে জানতে এবং জানাতে আমার ভাষা এবং আমার সংস্কৃতিকে তুলে ধরতে হবে। আমাদের পরবর্তী প্রজন্মের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য।

প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মকে আমার কাছে, ছায়াপথ ভুলকরে, খোশে পড়া তারাদের মতো মনে হয়। এরা না পারে পুরো বাংলাদেশী হতে, না পারে যে দেশে বেড়ে উঠছে সে দেশী হতে। এর কারন অনেক গুলো, তার মধ্যে অন্যতম একটি হচ্ছে - " ভাষার ও সংস্কৃতির ব্যবধান"। যে দেশে ওদের জন্ম সে দেশের ভাষাই (ইংরেজি) ওরা ভাল করে শেখে। মায়ের মুখে শুনে কিছু বাংলা বলতে শিখলেও পড়তে বা লিখতে শেখা হয়ে ওঠেনা, তাই ওদের কাছে এ ভাষা দুর্বোধ্য হলেও অবাক হবার কিছু নেই। কারন বাংলাকে ওরা সঠিক ভাবে উপলব্ধি করতে পারেনা। যেহেতু বাংলার মাধুর্য ওদের অনুভুতিতে নাই, তাই ভাষায় নিজেকে প্রকাশ করা ওদের জন্য ভীষণ দুঃসাধ্য। এই প্রজন্মের বাংলাদেশ সম্পর্কে ধারনা, খুবই সংখিপ্ত পরিসরে পারিবারিক গণ্ডীর মাঝেই থেমে যায়। বাড়িতে যেটুকু চর্চা হয় তার ভিত্তিতেই এরা বাংলাদেশ নিয়ে একটা বিবর্ণ চিত্র একে ফেলে। ভাষা না জানা এবং না বোঝার কারনে মূল উৎসের সন্ধানে বেশী দূরে যাওয়া সম্ভব হয়না।

পারিবারিক নিয়ম বা শাসন গুলোই একটা বয়সের পরে মা বাবার সাথে দুরত্বের কারন হয়ে দাড়ায়। অভিভাবকেরা এদেশের ভাষা ও সংস্কৃতি না বোঝার কারনে, সন্তানদের মনের খুব কাছে সত্যিকার অর্থে পৌছতে পারেননা। আমাদের দেশ, আমাদের সংস্কৃতি, আমাদের গৌরবময় ইতিহাস, আমাদের বর্ণিল সাহিত্য ভাণ্ডার, ঐতিহ্য বাহী বাংলা সঙ্গীত কিছুই পৌঁছে দিতে পারিনা। এই সব কিছুই এক ধরনের নির্বাক শূন্যতার উপলব্ধি তৈরি করে। এই উপলব্ধি ভীতিকর এবং ধীরে ধীরে অপ্রতিরদ্ধ একটা প্রাচীর এর জন্ম দেয়। এই সব উপলব্ধি থেকেই প্রবাসীরা বিভিন্ন ভাবে সংগঠিত হয়। সৃষ্টিশীল কিছু ভাবনার সংমিশ্রণে সমাজকে নতুন কিছু উপহার দেবার উদ্যোগে জন্ম হয় বিভিন্ন সংঠনের।

আমার সুযোগ হয়েছে নর্থ ইস্ট এর বেশ কিছু সংগঠনের সাথে কাজ করবার। বাংলাদেশ, বাংলা ভাষা এবং বাংলা সংস্কৃতির সঙ্গে প্রবাসের এই প্রজন্মের একটা সংযোগ সৃষ্টির যে তাগিদ আমরা উপলব্ধি করি "বর্ণমালা বাংলা স্কুল" তারই ফলশ্রুতি। ২০১৪ সালের মার্চ থেকে Newcastle Bangladeshi Association (NBA) এবং Bangladesh Oversees Ladies Organization (BOLO) যৌথ উদ্যোগে বর্ণমালার যাত্রা শুরু হয়। বর্ণমালার পাঁচ-উর্ধ্ব সকলের জন্য উন্মুক্ত। আমরা ভাষার পাশাপাশি প্রবাসি প্রজন্মের কাছে আমাদের দেশজ সংস্কৃতি, কৃষ্টি, শিল্প ও সাহিত্য, এসকল বিষয় তুলে ধরার চেষ্টা করি। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ

এবং ইতিহাসকে স্মরণ করে পালন করা হয় জাতীয় দিবস সমুহ - স্বাধীনতা দিবস, বীজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, শহীদ বুদ্ধিজীবী দিবস। এসবই এখন আমাদের দেশজ সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ হয়ে দাড়িয়েছে।

বাংলাদেশ একটি উৎসব মুখর দেশ। আর এই উৎসব আমাদের সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। "বার মাসে তের পার্বণ এর দেশ" আমাদের বাংলাদেশ, যেখানে ধর্মীয় উৎসব গুলো পালন করা হয় বাংলাদেশের নিজস্ব ধারায় এর মধ্যে রয়েছে ঈদ উল ফিতর ও ঈদ উল আধহা, ঈদে মিলাদুন্নবী, পূজা, বড়দিন, বৌদ্ধ পূর্ণিমা ইত্যাদি। প্রত্যেকটি বিশেষ ধর্মীয় উৎসবে সরকারি ছুটি থাকে। এছাড়াও বাংলাদেশের নিজস্ব কিছু উৎসব আছে - নবান্ন উৎসব – নতুন ফসল ওঠার মৌসুমে, পহেলা বৈশাখ – বাংলা নববর্ষ, নতুন বছরকে নানা আনুষ্ঠানিক আয়োজনে বরণ করা, একুশের বই মেলা – মহান ভাষা আন্দোলন এর স্মরণে বাংলা একাডেমীর আয়োজন, এই একমাস ব্যাপী বাংলাবই এর মেলা, পহেলা ফালগুণ, চৈত্র সংক্রান্তি, নজ্রুল ও রবিন্দ্র জয়ন্তি। এখন তার সাথে যোগ হয়েছে, ইংরেজি নিউ ইয়ার, ভ্যালেন্টাইন্স ডে, মা দিবস, ফ্রেন্ড শিপ ডে।

ভোজন রসিক বাঙালীর কাছে খাবার এবং আথিতেয়তার বিশেষ গুরুত্ত রয়েছে। তাই প্রত্যেক উৎসবে ভিন্নধর্মী খাবারের আয়োজন থাকে। বর্ণমালা প্রবাসী প্রজন্মকে বাংলাভাষার পাশাপাশি ব্রিটেনের সংস্কৃতির সাথে বাংলা সংস্কৃতির তুলনামূলক প্রেক্ষাপট তুলেধরার উদ্যোগ নিয়ে থাকে। প্রত্যেকটি উৎসব এর নিজস্ব ইতিহাস আছে। বর্ণমালা একেকটি উৎসব উৎযাপনের মধ্যে দিয়ে এ প্রজন্মের কাছে সেই ইতিহাস ও প্রেক্ষাপট তুলে ধরার চেষ্টা করে। একটি দেশের ভাষা, ইতিহাস ও উৎসবকে জানলেই একটি দেশকে জানা যায়। বর্ণমালা উদ্দেশ্য ব্রিটেনে বসবাসরত সকল দেশ ও ভাষাভাষীকে বাংলাভাষা, সংস্কৃতি ও উৎসবের সঙ্গে সম্পৃক্ত করা।



# বৃটেনে প্রথম বাঙ্গালী

**পাপড়ীন নাহার** - কারলাইল থেকে

ঐতিহাসিকদের মতে বৃটেনের প্রথম বাঙ্গালী হচ্ছেন শেখ দীন মুহাম্মদ। তার ব্যাপারে অনেক চমৎপ্রদ তথ্য আছে। তিনিই প্রথম বৃটেনে কফি শপ চালু করেন এবং আরো আশ্চর্যের ব্যাপার হচ্ছে আজ সারা পৃথিবীতে শ্যাম্পুর যে ব্যবহার ইউরোপে তা প্রবর্তন করেন তিনি। শেখ দীন মুহাম্মদ জন্মেছিলেন পাটনায় ১৭৫৯ সালে। তার বাবা ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর একজন কর্মচারী ছিলেন। বাবার মৃত্যু হলে বৃটিশ সেনাবহিনীর ক্যাপ্টেন গডফ্রে বেকার তাকে পালক নেন। দীন মুহাম্মদ এর পর বৃটিশ সেনাবহিনীর মেডিকেল কোরে শিক্ষানবিস সার্জন হিসেবে কাজ করেন। ১৭৮২ সালে ক্যাপ্টেন বেকার সেনাবাহিনী থেকে অবসর নেন এবং বৃটেনে চলে আসেন। এসময়ই দীন মুহাম্মদ তার সঙ্গে বৃটেনে আসেন। তাকে ধরা হয় বৃটেনে প্রথম ভারতীয় এবং বাঙ্গালী। তিনি প্রথমে আয়ারল্যান্ডের কর্ক শহরে বেকার পরিবারের সাথে বসবাস করেন। সেখানে তিনি ইংরাজীর উপর বিশেষ প্রশিক্ষন নেন । এসময় তিনি জেন ডালি নামে এক আইরিশ নারীর প্রেমে পড়েন। কিন্তু তাদের সম্পর্ক সমাজে কোনভাবে গ্রহনযোগ্য না হবার কারনে তিনি এবং জেন ইংল্যান্ডের ব্রাইটনে চলে আসেন এবং বিয়ে করেন। এরপর তিনি লন্ডনে চলে আসেন। লন্ডনের পোর্টম্যান স্কয়ারের কাছে জর্জ স্ট্রীটে তিনি 'হিন্দুস্তানী কফি হাউস' নামে একটা ইন্ডিয়ান রেষ্টুরেন্ট খোলেন ১৮১০ সালে। এটাকেই বৃটেনের প্রথম ইন্ডিয়ান রেষ্টুরেন্ট হিসেবে গন্য করা হয়। এসময় নবাব ককরেইন নামে একজন লোক লন্ডনের পোর্টম্যান স্কয়ারে একটি পাবলিক বাথ খোলেন যেখানে দীন মুহাম্মদও যুক্ত হন। দীন মুহাম্মদ এই পাবলিক বাথে 'ইন্ডিয়ান চিম্পু বাথ' নামে একটা বিশেষ হেড ম্যাসেজ সহ গোসলের প্রবর্তন করেন। নানা ভারতীয় ভেষজ এবং মোগলদের ব্যবহৃত আলকেমী দিয়ে তিনি একটা বিশেষ তরল তৈরী করেন যা গোসলের সময় মাথায় ম্যাসেজ করলে চুল এবং শরীর ভালো থাকে। দীন মুহাম্মদের চিম্পু চিকিৎসা তখন বৃটেন ব্যাপকভাবে আলোচিত হয়, পত্রিকায় এনিয়ে লেখা হয় এবং তিনি খুবই জনপ্রিয় হয়ে ওঠেন। এই চিম্পু ভারতে আগেই প্রচলিত ছিলো। এই চিম্পু পরে শ্যাম্পু হিসেবে প্রচার পায় এবং সারা ইউরোপে ছড়িয়ে পড়ে।

তিনি 'ট্রাভেল অব দীন মুহাম্মদ' নামে একটা বইও লিখেছেন। তার পাঁচজন সন্তান। দীন মুহাম্মদ ১৮৫১ সালে ব্রাইটনে মারা যান। সেখানেই তার কবর রয়েছে।

আজকের বৃটেনে যে লক্ষ লক্ষ বাঙ্গালী বসবাস করছেন তারা হয়তো অনেকই জানেন না তাদের এই পূর্বসুরী সম্পর্কে।

তথ্যসুত্রঃ কালপানির হাতছানি: বিলেতে বাঙ্গালীর ইতিহাস- গোলাম মুরশিদ এবং উইকিপিডিয়া।

# দুরপাল্লার দেশপ্রেম

**শাহাদুজ্জামান** - কারলাইল থেকে

বৃটেনে বছর ত্রিশেক আছেন এমন একজন মহিলা এ দেশে তার প্রথম দিনগুলোর স্মৃতিচারন করছিলেন। বলছিলেন এদেশে এসে প্রথম সুপার মার্কেটে গিয়ে চমৎকার একটা ডাইনিং টেবিল কভার কিনেছিলেন। বাড়ি ফিরলে স্বামী বলেছিলেন, 'তুমি গোল ডাইনিং টেবিল কাভার কিনেছ কেন, লন্ডনে আমাদের এই ডাইনিং টেবিলটা তো চারকোনা'। মহিলা বলছিলেন, 'আমি কিন্তু ভুল করে কিনিনি। আমার মাথায় লন্ডনের কোন ডাইনিং টেবিলই ছিলো না তখন, ছিলো ঢাকাতে ফেলে আসা আমার গোল ডাইনিং টেবিল। আমি তো নিশ্চিত ছিলাম কিছুদিন পরই আমি ঢাকাতে ফিরছি এবং গোল ডাইনিং টেবিলেই সাজবে আমার সংসার।' কিন্তু তারপর ত্রিশ বছর পেরিয়ে গেছে, তার আর লন্ডন ছাড়া হয়নি। ঘটনার পাক চক্রে আর দেশে ফেরেননি তিনি। কিন্তু লন্ডনে প্রথম দিনগুলোতে কেনা সেই গোল ডাইনিং কাভারটি তিনি সযত্নে রেখে দিয়েছেন তার আলামারীতে। মাঝে মাঝে বের করে দেখেন। সেই টেবিল কভার তার এক অযাপিত জীবনের প্রতীক হয়ে আছে তার কাছে। বৃটেনে আছি কিছুকাল, ঘুরি পৃথিবীর অন্যান্য দেশেও, লক্ষ করি প্রবাসে প্রায় সব বাংলাদেশীর তেমন একটা গোপন আলমারী আছে যেখানে তারা সঞ্চয় করে রাখেন যার যার নিজস্ব তেমন কোন একটা গোল টেবিল কাভার। লক্ষ করি তাদের পায়ের নীচে মাতৃভুমি নাই ঠিকই কিন্তু সকলেই বুকের ভেতর একটা ছোট মাতৃভুমি নিয়ে ঘুরে বেড়ান। অর্থনৈতিক, সামাজিক, নিরাপত্তাজনিত এমনকি একান্ত ব্যাক্তিগত কত বিচিত্র কারনে দেশ ত্যাগ করেন মানুষ। দেশ ত্যাগ করেন ঠিকই কিন্তু প্রবাসে পুরোপুরি এসে পৌঁছান না। তাদের শরীর এসে পৌছায় নতুন দেশে কিন্তু মনের ভেতর থাকে এক টুকরো বাংলাদেশ। অভিবাসীদের যাওয়া আছে পৌঁছানো নাই।

অক্সফোর্ডে দেখা করতে গেলাম এক অগ্রজের সঙ্গে, এদেশে আছেন বছর চল্লিশ। স্টেশনে থেকে তার গাড়িতে করে যখন আমাকে বাড়িতে নিয়ে যাচ্ছেন, তার গাড়ির সিডিতে বাজছে 'তীর ভাঙ্গা ঢেউ আর নীড় ভাঙ্গা ঝড়, তারই মাঝে প্রেম শুধু গড়ে খেলাঘর।' প্রথম যৌবনের মান্না দেকে ছাড়েননি অক্সফোর্ডের হিম তুষারেও। নিউক্যাসেলে কথা হয় এক ভদ্রলোকের সঙ্গে যিনি গত দশবছরে দেশে যাননি কিন্তু এই দশটা বছরের বাংলাদেশের রাজনীতির প্রতিটি ঘটনার এনসাইক্লোপেডিক তথ্য আছে তার কাছে, ক্রিকেট মৌসুমে ডারহাম হাসপাতালের বাংলাদেশী ডাক্তার অপারেশন থিয়েটার থেকে বের হয়ে ওটির পোষাক খুলেই প্রথম মোবাইল ইন্টারনেটে গিয়ে খোঁজ নেন বাংলাদেশের ক্রিকেটের স্কোর কত, ম্যানচেষ্টারের এক পরিচিত যেদিন যুদ্ধাপরাধের রায় ঘোষনা হয়, তার আগের রাতে ঘুমান না, পত্রিকার অনলাইন ভার্সনে ক্ষনে ক্ষনে পরখ করেন রায় পাঠ শুরু হয়েছে কিনা। লীডসে একজনকে জানি কারী রেষ্টুরেন্টের কাজ সেরে গভীর রাতে বাড়ি ফিরে বাংলাদেশী টিভির চ্যানেলে চোখ রেখে রাতের পর



utsab উৎসব NOrTH EasT BanGLaDESHI FamILIeS

রাত দেখেছেন সাভারের ভবন ধ্বসের ছবি। বৃটেন জুড়ে বহুযুগ ধরে আছেন সিলেট অঞ্চলের প্রবাসীরা। তাদের ভেতর বৃহত্তর সিলেটের জেলা, উপজেলা শুধু নয় আছে গ্রাম ভিত্তিক অগনিত সমিতিও। পয়লা বৈশাখে বৃটেন জুড়ে প্রায়ই থাকে শৈত্যপ্রবাহ, তবু ওভারকোটের নীচে পাঞ্জাবী আর শাড়ি পরে প্রবাসীরা মিলিত হন কারো বাড়িতে ইলিশ ভাজার আসরে। খাওয়া শেষে তুমুল আড্ডা চলে, কথা বৃটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন বা ফুটবল তারকা ডেভিড বেকহাম ঘুরে খুব অল্প সময়ে পৌঁছে যায় আওয়ামী, বিএনপির উত্তেজনাকর বিতর্কে। শীতে আগুন পোহানের মত বাংলাদেশ বিষয়ে দুশ্চিন্তায় তারা উষ্ণ হয়ে থাকেন শীতল বৃটেনের নানা শহরের লিভিং রুমে। দেশ নিয়ে বিস্তর ক্ষোভে ফেটে পড়েন তারা। সেই ক্ষোভের ভেতর যতটা না অভিযোগ তার চেয়ে বেশী থাকে অভিমান।

প্রবাস এক মিশ্র অভিজ্ঞতার যাদুর বাক্স। প্রবাস জীবনের এই বাক্সে যেমন আছে প্রচুর অর্জনের আনন্দ তেমনি আছে বিস্তর হারানোর বেদনাও। অর্জন আর হারানোর এই দাঁড়িপাল্লা নাগরদোলা মত দোলায় প্রবাসীদের। কখনো মনে হয় অর্জনের পাল্লা বুঝি ভারি, কখনো হারানোর। এই দোলচালে কেটে যায় দিন। অনেকেই দেশে গিয়ে মনের ভেতরের এই চড়াই উৎরাইয়ের কথা জানান না কাউকে, যারা বিদেশে আসেননি তাদের মনে বিদেশ নিয়ে যে রুপকথার গল্পের মায়া আছে সে মায়া ভাঙ্গাতে চান না তারা। অনেকে দেশের বিশৃংলা, নিরাপত্তাহীনতা ইত্যাদির কথা বিবেচনা করে নিজের প্রবাস জীবনকে পরম সৌভাগ্য হিসেবেই দেখেন। কেউ আবার দেশ থেকে ফিরে এসে উচাটন হয়ে ওঠেন। তর্ক জুড়ে দেন হোক নিজের দেশ দরিদ্র, বিশৃংখল তবু ওখানেই মনের যা কিছু স্বাস্থি। মনে মনে হিসাব কষেন একদিন ফিরে যাবেন দেশে। তার মন তখন অনেকটা ছোট বেলায় শোনা সেই ছড়াটির মত, যেখানে এক মেয়ে তার ভাঙ্গা পুতুলটি হাতে নিয়ে বলছে ‘ভেঙ্গে গেছে হাত পা গুলো চুলগুলো নেই কালো/ তবু সেটা আমার কাছে সবার চেয়ে ভালো।‘

প্রবাসীদের মনে ভেতরের এই গোপন দেশপ্রেমকে খুব পরিকল্পিতভাবে কাজে লাগিয়েছে চীন আর মালয়শিয়া। সেসব দেশের নের্তৃবৃন্দরা জানতেন বুকের ভেতর এভাবে মাতৃভুমিকে নিয়ে পৃথিবীর নানা দেশে ছড়িয়ে আছে তার দেশের মানুষ। দেশের মানুষের প্রতিদিনকার যে সংগ্রাম আছে সেখান থেকে দুরে থাকবার কারনে প্রবাসী অনেকের মনে গোপনে একটি অপরাধবোধও থাকে। দেশকে কেন্দ্র করে প্রবাসীদের এই আবেগকে সঠিক পথে চালিয়ে যদি দেশের স্বার্থে কিছু করবার সুযোগ করে দেয়া যায় তাহলে ঝাঁপিয়ে পড়ে সাধ্যমত মত তারা তা করবেন সে খবর চীন আর মালয়েশিয়ার রাজনৈতিক নেতারা জানতেন। সেসব দেশের নেতৃবৃন্দ তাই রাস্ট্রীয়ভাবে নানা উদ্যোগ, প্রনোদনা, পথ তৈরী করেছিলেন যাতে প্রবাসীরা দেশের উন্নয়নে পরিকল্পিতভাবে অংশগ্রহন করতে পারে। আজকের চীন আর মালয়শিয়ার অগ্রগতিতে ব্যাপক ভুমিকা আছে প্রবাসীদের। মালয়িশায়ার নেতা মাহাথির মোহাম্মদ এব্যাপারে ব্যাক্তিগতভাবে নানা

উদ্যোগ নিয়েছিলেন। বিদেশী বিশ্ববিদ্যলয়ে শিক্ষকতার সুত্রে আমার নানা দেশের ছাত্রের সঙ্গে পরিচয় ঘটে। একবার এক মালায়শিয়ান ছাত্র আমাকে জানিয়েছিলো তার বাবা ছিলেন আমেরিকার এক বিশ্ববিদ্যালয়ে কৃষি বিষয়ে নামজাদা গবেষক। একদিন গভীর রাতে তার বাবা একটি ফোন পান। ঘুম থেকে উঠে ফোন ধরলে জানতে পারেন ওপারে যিনি ফোন ধরে আছেন তিনি মালয়শিয়ার সদ্য ক্ষমতা নেয়া প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ। মাহাথিরের সাথে কোন ব্যাক্তিগত পরিচয় ছিলো না তার বাবার। আমার সেই ছাত্রের বাবাকে মাহাথির মাঝ রাতে ঘুম থেকে তুলে নুতন মালয়েশিয়া গড়ার নানা স্বপ্নের কথা বলেছিলেন, অনুরোধ করেছিলেন পুরোপুরি নয় অন্তত বছর খানেকের জন্য তিনি যেন মালয়েশিয়াতে এসে তাদের কৃষি গবেষনার প্রতিষ্ঠান দাঁড় করিয়ে দিয়ে যান। আবেগাক্রান্ত মাহাথির, মালয়েশিয়ার আর আমেরিকার সময়ের পার্থক্যের কথাও ভুলে গিয়েছিলেন, ফলে তিনি যে একজনকে গভীর রাতে ঘুম থেকে তুলেছেন সেটাও টের পাননি। ছাত্রের বাবা পরে জেনেছেন ক্ষমতা নিয়ে পৃথিবীর নানা দেশে ছড়িয়ে থাকা কৃতি মালয়েশিয়ানদের তালিকা করেছিলেন মাহাথির এবং এক এক করে সবাইকে নিজে ব্যাক্তিগতভাবে ফোন করেছিলেন। ছাত্রের আপ্লুত বাবা ঘুম জড়ানো গলাতেই সেই মাঝরাতে প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি মালয়েশিয়াতে ফিরবেন।

আজ পৃথিবীর প্রায় সবকটি প্রান্তে ছড়িয়ে আছেন প্রবাসী বাংলাদেশী। আমাদের প্রবাসীদের নানা অর্জন, উপর্জনকেও দেশের কাজে লাগাবার জন্য প্রয়োজন আরো সুপরিলল্পিত পথ, দুরদৃষ্টি সম্পন্ন কার্যক্রম। রেমিটেন্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীরা দেশের অর্থনীতিতে গুরত্বপুর্ন ভুমিকা রাখছেন ঠিকই। কিন্তু প্রয়োজন সেই রেমিটেন্সের উৎপাদনশীল ব্যবহার, পাশাপাশি প্রয়োজন পৃথিবীর নানা দেশে গবেষনা, শিক্ষা, ব্যবসায় প্রভুত সাফল্য অর্জন করেছেন যে প্রবাসী বাংলাদেশীরা তাদের মেধা এবং অর্থ দেশে বিনিয়োগের অনুকুল পরিবেশ সৃষ্টি করা। আমি নিশ্চিত, যে কোনভাবে দেশের কাজে লাগবার সুযোগ পেলে সর্বান্তকরনে সে সুযোগটি কাজে লাগাবেন প্রবাসী বাংলাদেশীরা। দেখেছি যারা জীবনের একটি সিংহভাগ দেশে কাটিয়ে বিদেশে এসেছেন, সেই প্রথম প্রজন্মের প্রবাসী বাংলাদেশীদের বুকে বরাবরই একটি দুরপাল্লার দেশপ্রেমের মোমবাতি জ্বলে। যে মোমের আগুনে একটু একটু করে পোড়ে তাদের হৃদপিন্ড। রাতে বিছানায় শুয়ে দ্বিতীয় প্রজন্মের বাংলাদেশের শিশু মেয়েটি যখন টগবগে তুখোর ইংরাজীতে তার মার কাছে গল্প করে স্কুলে বন্ধু জুডিথ আর ক্লারা কি করেছে, তখন মা সেই গল্প শুনতে শুনতে গোপনে চোখ মুছে মেয়ের গালে চুমু খেয়ে বলে, ‘মা’রে, তুই কি কোনদিন একবার একটু শোনাবি না, ‘আতা গাছে তোতা পাখি ডালিম গাছে মৌ“?

# Proud to be me: a beautiful crow

**Nasima Akhter** – from Stockton-on-Tees

In my young days, I heard a story about a crow, who gathered few feathers of peacock and wanted to use those to change its identity. The crow started to wear the peacock feathers and assumed that it has turned itself into a peacock. Of course, the crow preferred to be considered as a peacock as apparently peacocks are more attractive with their beautiful outlook. The consequence of the crow's actions was that the crow lost its original characteristics and eventually got rejected by the crow group. Not to tell that it could not also find a place among the peacocks, as obviously it was not one of them. The moral of this simple Aesop's fable was that everybody has his/her own characteristics; he/she belongs to a group by the very nature of one's origin and is naturally beautiful in that way. No matter how much we want to forget who we are and present us as someone else, it is not that simple – as it can be rather problematic. It is only wise to reflect ourselves as who we really are.

Personally, I believe each of the God's creation has its own beauty, characteristics, strengths and uniqueness. We can all be beautiful and at the same time be proud of who we really are. The world becomes a beautiful place when we complement each other with our uniqueness, respect each other's differences no matter how different one may look, think or believe and learn to live in a harmony. For those of us living in Britain, a country different from our origin or from our parents', this feeling becomes more of a reality. We can be a beautiful crow, not needing to live with fantasy or false identity trying to be a peacock.

Irrespective of colour or race, there is no better strategy than being persistent and working hard to be happy about life and achievements. Recently, a friend was telling me that we need to work hard and prove ourselves to win the competition with the local British people; while another friend told me that we are not black but brown. No matter, whether we are black or brown, certainly hard work and positive competition are key to our positive growth. Undoubtedly, life is a continuous process where the fittest will survive. With that in mind, we can only strive to keep ourselves fit and continue to work hard towards

achieving our dreams.

To live a happy life in Britain, I believe, firstly we need to be proud of our root, our Bengali origin and then to have the attitude of being explorer who are open to new ideas, eager to learn from new knowledge, experience and exposure. Respecting others' opinion, idea, religion, social and cultural practices, yet being proud of who we are will allow us putting the different shaped and coloured pieces of puzzle together and build a meaningful and enjoyable world. With the openness and clarity of identity, we can become world's citizen.

**PS.** I share with you two relevant short stories (collected online) that you may find interesting.

https://www.storyarts.org/library/aesops/stories/youare.html
http://www.moralstories.org/happy-peacock-crow/



# Twilight Photography

**Tarique Hossain** – from Stockton-on-Tees

[www.thossainphotography.com]

The twilight hours are my favourite times of the day to take photographs. The connivance between light and darkness, and the contrast between shades and edges create spectular views. Sharing some of the magical views and moments captured.

**Greenwich – London:**



**Muswell Hill: London**



### Roseberry Topping: Teesside





### East London from Alexandra Palace (North London)



utsab উৎসব NORTH EAST BANGLADESHI FAMILIES

উৎসব হোক অরুণালকের

উৎসব হোক বৃষ্টির

উৎসব হোক রঙের

উৎসব হোক অনুভুতির



# দেশের লেখা

# Letters from Bangladesh

# ফেসবুক ভাবনা

**যোবায়েদ আহসান** - ঢাকা থেকে

**৬ ই জুন, ২০১৬:**
এমবিএ করার সময় ম্যাক্রো- ইকোনমিক্স কোর্সে খুব সুন্দর করে 'বাজেট' বিষয়টা বুঝিয়েছিলেন ডঃ এনামুল হক স্যার।
উনি বলেছিলেন, বাজেট শুধুই দাম কমা বাড়ার বিষয় না। একটা বাজেট দেখেই বোঝা যায় সরকার কি চাচ্ছে, কি চাচ্ছে না। যে ব্যবসায়ী সরকারের এই ' চাওয়া- না চাওয়া' টা যত ভালো ধরতে পারবে সে তত স্মার্ট ব্যবসায়ী।
খুব সিম্পল একটা উদাহরণ দেই।
যখন বাজেটে সোলার প্যানেলের উপর থেকে শুল্ক কমানো হয়, তখন বুঝতে হবে দেশে বিদ্যুৎ সংকট আছে। সরকার এ সংকট মোকাবেলার জন্য প্রস্ততত হচ্ছে।
যদি শুল্ক বাড়ানো হয় তখন বুঝতে হবে সংকট কেটে গেছে বা যাবে।
এখন আপনার যদি বৈদ্যুতিক সরঞ্জামের ব্যবসা থেকে থাকে, এই তথ্যটি আপনাকে আপনার সামনের বছরের বিজনেস ফোরকাস্টিং এ অনেক হেল্প করবে।
আবার যদি দেখা যায় বাজেটে মশার কয়েলের উপর থেকে শুল্ক কমানো হয়েছে, তাহলে বুঝতে হবে দেশে অবশ্যই মশার উৎপাত বেড়েছে। অর্থাৎ সামনের বছর কয়েল, এরোসল, এমন কি ম্যালেরিয়ার অষুধের ব্যবসা ভালো হবে। সরকার সব মশা মরে যাক- চাচ্ছে বলে কথা।
এত জ্ঞান কেন দিলাম ?
শুনলাম, এবারের বাজেটে নাকি হাসপাতালের হিমাগারে লাশ সংরক্ষণের যন্ত্রপাতির উপর থেকে শুল্ক কমানো হয়েছে।
বুঝতে পারছি না, সরকার মহাশয় এক্ষেত্রে কিসের জন্য প্রস্তুতি নিতে যাচ্ছেন ? আপনি পারছেন কি ?

**২ জুন,২০১৬:**
: আচ্ছা বাবা, ছোটবেলায় তোমার হবি কি ছিলো ?
: আমার হবি? আমার হবি ছিল ডাকটিকেট জমানো।
: ডাকটিকেট কি, বাবা ?
: পোস্টকার্ডের উপরে ছোট্ট একটা চারকোণা কাগজ যেটা আঠা দিয়ে লাগানো হতো সেটাই ডাকটিকেট।
: পোস্টকার্ড কি?
: যার ভেতরে ভরে চিঠি পাঠানো হতো।
: চিঠি কি ?
: চিঠি হলো কাগজের উপর লেখা এক রকমের বড় SMS যেটা ডাকপিয়ন বাড়ীতে বাড়ীতে বিলি করে দিত।
: ডাকপিয়ন কি ?
: পোস্ট অফিসের লোক, যার কাজ ছিল চিঠি বিলি করা।
: পোস্ট অফিস কি ?

.............. বুঝলেন তো ?
... এভাবেই হারিয়ে যায়, কত কিছু।
... এভাবেই হারিয়েছি কতকিছু।

**৫ মে, ২০১৬:**

৮০ র দশকের কথা। ঢাকা থেকে 'দ্রুতযান' নামে একটা মেইল ট্রেন যেত ময়মনসিংহ হয়ে জামালপুরে। সাধারণত রাত দশটার মধ্যেই জামালপুর স্টেশনে পৌঁছে যেত।
সেদিনও দশটাতেই পৌঁছেছিল।
কিন্তু ছেলেটির কাছে সেদিন ট্রেনটিকে অনেক লেইট মনে হচ্ছিল। সাড়ে নয়টা থেকে দশটার মাঝে স্টেশনে তিন চারবার ফোন করে খোজ নিয়েছে ? ট্রেন কেন আসে না ?
টেনশন কি শুধু ট্রেন পৌছানো নিয়েই ? না।
টেনশন ছিল - বাবা বাক্সটা ট্রেন থেকে ঠিকমত নামাতে পারবে তো ? হাত থেকে পরে-টরে গিয়ে আবার ভেঙ্গে যাবে না তো ?
স্টেশন থেকে বাসায় আনবে কিভাবে ?এত রাতে কি রিক্সা ভ্যান পাওয়া যাবে ?
অবশেষে বাবা বাসায় পৌছাতে পৌছাতে মনে হয় সাড়ে এগারো কি বারোটা বেজে গিয়েছিল। তারপর মা -ভাই- বোন্ সবাইকে নিয়ে ছেলেটি সেই কার্টুন-বাক্স খুলে বের করেছিল একটা ২০" সাদাকালো ফিলিপস টেলিভিশন। হ্যা, ওই সময় মফস্বলে টিভি কিনতে পাওয়া যেত না, ঢাকায় যেতে হত।
ছেলেটি অবাক হয়ে টিভিটা দেখছিল। এ যেন টিভি নয় - অপমানের প্রতিশোধ।
রান্না বাটি খেলায় 'চাকর' এর রোল প্লে করতে চায়নি বলে পাশের বাসার হাজী মতিন কাকুর মেয়ে মলি আপা সেদিন তাদের টেলিভিশনে টারজান দেখতে দেয় নি।
একটা টেলিভিশনের জন্য মলি অ‍াপার সেই কি দেমাগ !! খেলতে গেলেই সবসময় ওকে চাকর - বাকর এর রোল প্লে করতে বলে।
তাই অনেক বায়না, অনেক কান্নার পর অবশেষে এই টেলিভিশন।সঙ্গে বড় ভাই -বোনের ইন্ধনের কথা আর নাই বা বলা হলো।
বিটিভির অধিবেশন এর শুরু থেকে শেষ পর্যন্ত ছেলেটি বসে থাকত টিভির সামনে। টাক মাথা - চাপা ভাঙ্গা চেহারার যে বৌদ্ধ ভিক্ষুটি বিকাল বেলায় 'ত্রিপিটক পাঠ' করতেন, মনোযোগ দিয়ে সেটা শুনতেও কি যে ভালো লাগতো ! এমনকি বুধবার রাতে 'সুর -লহরী' নামে উচ্চাঙ্গ সঙ্গীতের যে অনুষ্ঠানটা হত - সেটাও মিস দিতে মন চাইতো না।
সপ্তাহের কবে - কখন কি অনুষ্ঠান হবে সব তার এতটাই সলিড মুখস্থ ছিল যে এখনো মনে আছে সব কিছু। মঙ্গলবারে ধারাবাহিক নাটক হত - পাক্ষিক হিসেবে দুটো ধারাবাহিক চলত - অর্থাৎ এক মঙ্গলবারে 'মাটির কোলে' তো আরেক মঙ্গলবারে 'সকাল সন্ধ্যা'। বৃহস্পতিবারে এক পর্বের নাটক। সোমবারে হীরামন।বুধবারে সিক্স মিলিয়ন ডলার ম্যান/ফল গাই। রবিবার সকালে ( ছুটির দিন -তাই বিশেষ অধিবেশন) টারজান। বিকালে রাস্তা ঘাট ফাকা করে দেওয়া বাংলা সিনেমা - রাতে মুভি অফ দ্যা উইকে একটা ইংরেজী ছবি। প্রতিদিন বিকালে কার্টুন - স্কুবিডু, ডিফেন্ডার অফ দি আর্থ ইত্যাদি ইত্যাদি। মাসিক ভিত্তিতে কিছু অনুষ্ঠান হত - ছায়া ছন্দ, ম্যাগাজিন অনুষ্ঠান ' যদি কিছু মনে না করেন '।

স্বামী -স্ত্রী  ও কেজি ওয়ান পড়ুয়া পুত্র নিয়ে সেই ছেলেটির এখন 'আড়াই' সদস্যের বিশাল পরিবার। টিভি আছে দুটো। চ্যানেল আছে শত শত। তবুও দুই টিভিতে আর চলছে না। একটায় সেই ছেলেটি খেলা দেখে, আরেকটায় তার পুত্র কার্টুন দেখে। স্ত্রী কি দেখবে, কোথায় দেখবে ? তাই তৃতীয় আরেকটা টিভি কেনার কথা ভাবতেই হচ্ছে। 'যার-যার-তার-তার' সিস্টেম আর কি। আমার টিভিতে আমি দেখবো, তোমারটায় তুমি দেখো। আমার টিভি তোমাকে দেখতে দেব কেন ?

এখন আমরা সবাই মলি আপা।

**৩০ এপ্রিল ২০১৬:**

"চার কেজি গো মাংস ও একটি উপলব্ধিময় শুক্রবার"

১ম দৃশ্য :

'এখনো ঘুমাচ্ছ ?! সকাল সকাল গিয়ে গরুর মাংস টা কিনে আনো।' শুক্রবার সকাল বেলায় ঘুম ভাঙিয়ে বিবিসাহেবের বলা এই রোমান্টিক বাক্যটা শুনতে কারই বা  ভাল্লাগে ?

'এত সকালে?!' বিরক্ত হয়ে জিজ্ঞেস করলেন কর্তা।

'সকাল সকাল না গেলে ভালো মাংস পাওয়া যায় না। মেহমানদের কি মোষের মাংস খাওয়াবা?' গিন্নির জবাব।

'মেহমান তো আসবে রোববারে। আজকেই মাংস নিয়া পরলা কেন ?'

'শুক্রবারেই ঢাকা শহরে অল্প কিছু গরু জবাই হয় ... অন্য দিন সব মোষ। কথা কম বল, তাড়াতাড়ি যাও।'

অগত্যা কর্তাকে বের হতেই হলো - 'দুই কেজি সিনা আর দুই কেজি রানের মাংস' এর খোজে।

২য় দৃশ্য  :

কিনে আনা মাংস ধোয়ামোছা করার সময়ই বুয়া মিচকি মিচকি হাসি দিয়া তার খালাম্মারে বলছেন ' দেইখছুইন খালাম্মা, খালুজানের কামটা দেইখছুন ? কি বুইড়া গরুর মাংস নিয়া আইছে।এই মাংস এখন ক্যামনে সিদ্ধ করবাম?'

১ম উপলব্ধি :  বুয়া এবং ড্রাইভার প্রজাতিটা অদ্ভুত। এরা বেতন নেয় বাড়ির কর্তার কাছ থেকে, অথচ শতভাগ আনুগত্য দেখায় বিবিসাহেবের প্রতি, এবং তারপরেও তাদের 'জব সিকিউরিটি' কনক্রিটের মত শক্ত।

৩য় দৃশ্য :

'তোমারে আমি বুড়া গরুর মাংস আনতে বলছি ? ' অগ্নি শর্মা বিবিসাহেব।

- কি আশ্চর্য ! তুমি মোষের মাংস আনতে না করছ? গরু বুড়া নাকি যুবক হবে সেটা তো বল নাই।

- তাই বলে তুমি বুড়া গরুর মাংস আনবা ? এর চেয়ে তো মোষের মাংসই ভালো ছিল ?

- আহা, দেখো মাংস খেতে হলে কিন্তু বুড়া গরুর মাংসই খাওয়া উচিত। অল্প বয়স্ক গরু জবাই করাটা নিষ্ঠুরতা না? জীবনে ওদের আরো কতকিছু দেখার, কতকিছু করার বাকী থাকে, বল  ?

- খবরদার ! তুমি আমার সাথে মশকরা করবা না ! একদম না।

২য় উপলব্ধি : বিয়ের আগে যে গুণটিকে 'সেন্স অফ হিউমার' বলে গার্লফ্রেন্ড হেসে কুটি কুটি খায়,  বিয়ের পর সেটাই হয়ে যায় বিরক্তিকর মশকরা।

শেষ দৃশ্য :
রাতের বেলা ডিনারে ভাতের সাথে শুধুমাত্র একবাটি গরুর মাংস পরিবেশিত কর্তা। চিবানোর বৃথা চেষ্টা।

৩য় উপলব্ধি : বিয়ে করার আগে ভালো করে গরুর মাংস চেনার উপায় শিখে নিয়ে গলায় 'আসল পুরুষে'র মেডেল ঝোলান - দাম্পত্য জীবন সুখময় রাখুন।

৪র্থ এবং সেরা উপলব্ধি : ভাগ্যিস আমার বউ মোটেও এই নাটকের বউটির এর মত না। শুকর আলহামদুলিল্লাহ।

**১০ এপ্রিল ২০১৪:**

ঢাকা শহরে আজকাল সেইরাম দেখতে কিছু মিষ্টির দোকান হইছে। এগুলাতে ঢুকলে মিষ্টির দোকান কম, কর্পোরেট হাউজ - কর্পোরেট হাউজ বেশি লাগে। একদম কোট -টাই পরা মিষ্টি বিক্রেতা ! ভালই।
তো দিনকয়েক আগে এরকম একটা মিষ্টির 'অফিসে' (প্রিমিয়ার সুইটস) এ গেলাম মিষ্টি কিনতে। ৩২৫ টাকা কেজি দরের দুই পদের দুই কেজি মিষ্টি দিতে বলে একটা এক হাজার টাকার নোট বাড়াইয়া দিলাম। দুইটি অতি সুন্দর প্যাকেট আমার হাতে ধরাইয়া দিল। যখন টাকা ফেরত দিচ্ছে দেখলাম অনেক গুলো খুচরা টাকার নোট্‌, এমনকি একটা কয়েন ও আছে। আমার সরল সোজা হিসেবে বলে পাব ৩৫০ টাকা, এখানে কয়েন আসল কিভাবে ? জানতে চাইলাম।
- 'স্যার, আপনার একটা প্যাকেট ১ কেজি ৩০ গ্রাম আরেকটা প্যাকেট ১ কেজি ৪৫ গ্রাম হয়েছে তো তাই। ' মুহুর্তেই আমার সোজা রগ ত্যারা হইয়া গেল।
- আপনারা এই ৩০ গ্রাম আর ৪৫ গ্রাম এর দাম ও বেশি নেন।
- জি স্যার, এইটাই আমাদের কোম্পানি পলিসি।
- ভাই, যতই কোম্পানি হবার চেষ্টা করেন না কেন, জাতে তো এইটা মিষ্টির ই দোকান। অন্য দোকানদারের তো এই দাম নেইই না, বরং একটা দুইটা মিষ্টি টেস্ট করতেও দেয় ফ্রি। এইবার সেলসম্যান একটু বিরক্ত, 'কি ছ্যাচরা কাস্টমার এর পাল্লায় পরলাম' ভাব নিয়া আমার দিকে তাকাইলো।
- স্যার, একটু বোঝার চেষ্টা করেন। আমরা তো পুরা এক কেজি মিলাতে পারব না ......
- তাহলে আমাকে জিজ্ঞেস করতেন, আমি এক কেজির কম নিতাম। আপনি বেশি দিলেন কেন ?' এইবার দোকানে উপস্থিত অন্যান্য ক্রেতারাও মনে হলো আমার ছ্যাচরামিতে সামান্য বিরক্ত হতে শুরু করেছে।
আমার মাথায় হঠাৎ 'আর্কেমেডিস্‌' জেগে উঠলো। বললাম আবার মেপে দেখান তো। তারা আবার মাপলেন , ওজন যথারীতি ১ কেজির চেয়ে ৩০ গ্রাম আর ৪৫ গ্রাম বেশি। এইবার বললাম একটা খালি প্যাকেট মাপেন তো। মেপে দেখলাম একটা প্যাকেট ১২০ গ্রাম। বললাম 'তার মানেআপনারা তো আমাকে মিষ্টি দিলেন ৯১০ গ্রাম আর ৯২৫ গ্রাম। আর দাম নিলেন ১০৩০ গ্রাম আর ১০৪৫ গ্রাম।' নাসিরুদ্দিন হোজ্জার সেই বিড়ালের কথাটা মনে পড়ল।
ম্যানেজার সাহেব আমাকে ততক্ষণে 'স্যার' ডাকার সকল প্রকার যুক্তি হারিয়েছেন।

- ভাই, এটাই আমাদের সিস্টেম। নিলে নেন না নিলে না নেন।' আশেপাশের বাকি কাস্টমাররাও দেখলাম আমার weird  ব্যবহারে এখন বেশ বিরক্ত - 'এ লোকটা এত তাং করছে কেন ' টাইপ। অগত্যা, রণে ভঙ্গ দিয়া ভগ্ন হৃদয়ে প্রস্থান করতে হইলো। বের হতে হতে ৩২৫ টাকা কেজি মিষ্টির 'ইফেক্টিভ সেলস রেট'টা বের করে দেখলাম  ৩৫৭.১৪ টাকা / কেজি।
ভাবছি এরপর থেকে মিষ্টি কিনতে গেলে পলিথিনের ঠোঙ্গা নিয়া যাব, বলব প্যাকেট ছাড়া এক কেজি মিষ্টি দেন। অবশ্য যদি না তারা পুনরায় আমাকে ঢুকতে দেয়।





# এই সংখ্যার পৃষ্ঠপোষক

## **Our Sponsors**

## RED CHILLI RESTAURANT

Award-winning Indian Restaurant

297 High Street Northallerton, North Yorkshire DL7 8DW

Open daily from 17:00 - 23:00    Conveniently located

Tel: 01609 775552

E-mail: info@redchillinorthallerton.co.uk

Find us on Facebook "Red Chilli Northallerton"

Web: http://redchillinorthallerton.co.uk/

Red Chilli

## ALIYAS BEAUTY PARLOUR & HAIR DESIGN

Beauty, Hair and Henna Art

Contact us for wedding packages

66 Croydon Road , Newcastle upon Tyne, NE4 5LN

30 New Green Street , South Shields, NE33 5DL

Tel: 0191 4472105    Mobile: 07886380187

Web: http://www.aliyasbeauty.com/

Find us on Facebook and Twitter

Aliya's

# AL-MIZAN CONTINENTAL FOOD STORE

One stop for all grocery needs

151 Coatsworth Rd, Gateshead, Tyne And Wear, NE8 1SQ

Open daily from 09:30 - 19:00 Conveniently located

Tel: 0191 4785500




# SYLHET CASH AND CARRY


For all Bangladeshi foods and items

Lynnwood terrace, Tyne And Wear, NE4 6UL

Open Mon-Sun 10:00 - 19:00 Tel: 0191 273 6664

Web: http://www.sylhetshop.co.uk/

Facebook: http://tinyurl.com/grojaf4



# JMG AIR CARGO

CONSIDER DELIVERED

For all Bangladeshi delivery needs from the UK

(we have our branches in different cities)

399 Westgate Road, Newcastle upon Tyne, NE4 6PB

Open daily from 11:00 - 19:00

Contact: http://jmgcargo.com/contact.php

E-mail: info@jmgcargo.com    Tel: +44 (0) 207 247 8878

JMG CARGO

consider delivered

# MAHAS CLASSICS

An exclusive fashion designer

Visit our outlet or shop online

66 Croydon Road, Newcastle upon Tyne, NE4 5LN

Open Tues-Sat 12:00 - 17:00    Tel: 07875 084213

Online: http://www.mahasclassics.co.uk/

Facebook: https://www.facebook.com/mahasclassics

Twitter: @mahasclassics

MAHAS CLASSICS

READY TO WEAR

# S M HUSSAIN & CO

International Acountants

For part tax & chartered accountancy needs

Office: 67 West Road Newcastle upon Tyne, NE4 9PX

Phone: 0191-272 5178 Fax: 0191-273 4121

Open Mon-Sat from 9:30 - 17:30




# HAQUE AND HAUSMANN SOLICITORS

Solicitors and Commissioners for Oath

The Law Society Accredited

First Floor, 149 Beaconsfield Street, Newcastle, NE4 5JQ

Tel: 0191 272 5197 Fax: 0191 272 0317

Open Mon-Fri 9:30 - 17:30

Email: mail@haqueandhausmann.co.uk

Online: www.haqueandhausmann.co.uk

Haque & Hausmann

Solicitors and Commissioners for Oath




**Le Raaj** is one of the best Indian restaurants in the North East. It offers a contemporary and authentic Indian dining experience within a luxurious and refined setting.

# Experience authentic Indian cuisine

| Chester Le Street | Sedgefield |
|---|---|
| Front Street | A689/A177 roundabout |
| Chester Moor | Stockton-on-Tees |
| Durham | County Durham |
| DH2 3RJ | TS21 2JX |
| 0191 389 0561 | 01740 623 030 |
| **Opening times:** | **Opening times:** |
| Lunch - 12.00pm to 2.00pm (No Friday) | Lunch - 11.30am to 1.30pm (No Friday) |
| Evening - 6.00pm to 11.00pm (all week) | Evening - 6.00pm to 11.00pm (all week) |

Facebook: https://www.facebook.com/leraajindian

Twitter: https://www.twitter.com/leraajindian

Instagram: https://www.instagram.com/leraajindian/

## Some of our reviews (on Tripadvisor):

★★★★★ Great food great staff amazing salmon!!!!! Love the white Ice cream try it !!!! :):):) really nice a little prices but worth every penny

★★★★★ Went with family on Sunday lunchtime after we had heard a lot about Le Raj. We walked in to a warm welcome and a wonderful looking dining area was beyond. The menu is amazing and I could order everything on it. The waiters were very courteous and recommended lovely shared starters. We all left very impressed and delighted by this restaurant. I would recommend to anyone and we will be back.

★★★★★ Enjoyed a very pleasant meal with my wife. The atmosphere is very pleasant and the menu varied. The food we had was superb and we will definitely revisit.

# Credits

**Magazine:**

| | |
|---|---|
| Cover design | Tarique Hossain: www.thossainphotography.com |
| Article Collection | Rishad Shafik and Kazi Latifa |
| Editing | Rishad Shafik |
| Sponsor Liaison | Jalal Uddin Biplob and Kazi Latifa |
| Print | Mosharraf Sarker and Tarique Hossain |

**Eid Extravaganza:**

| | |
|---|---|
| Ticket and Invitations | Shirin Hussain, Lipi Noor and Kazi Latifa |
| Event organisation | Rishad Shafik and Tarique Hossain |
| Catering | Lipi Noor and Shirin Hussain |
| Stage Decoration | Afsana Anwar and Faizul Hassan |
| Kids' programme | Kazi Latifa, Sonia Ahmed and Afsana Anwar |
| Others | Shahaduzzaman, Papreen Nahar, Reaz Hasan, Nasima Akhter, Sharmin Ahmed, and SM Hussain |

# Contribute Articles for UTSAB

UTSAB aims to continue publishing your articles in the future. If you and/or your kids are interested, please contribute; write poems/poetries/stories, recipes, collate your experiences, blog about your travels, express your opinions or even recapitulate your fond memories. Send your articles to ras06r@zepler.org.

**DETAILS:**

A. LANGUAGE: Bengali (preferred) or English
B. MAXIMUM SUBMISSIONS: as many as you can.
C. MAXIMUM LENGTH: up to 3 pages per article.
D. SUBMISSION FORMAT: typeset in a Microsoft Word Document, with the authors' name/details and photo (if possible).
E. HOW TO SUBMIT: by e-mail to ras06r@zepler.org.
F. WHO CAN SUBMIT: anyone, any age, any gender, any religion.
G. WHO WILL SEE THE MAGAZINE: paper copies will be circulated among local families; the articles will also be available online on our website: www.utsab.uk.

উৎসব

# Eid Extravaganza 2016

Join us *for this* **GRAND EVENT**

**Sunday, 17 July**
**1pm to 7pm**

**Venue:**
St Aidan's Community Centre
Princes Road, Brunton Park,
Newcastle Upon Tyne, NE3 5TT

To book your place please pre-pay:
£10 (per adult)
£7 (per child, 12 years and below)
FREE for children under 5

**Featuring:**
[1-3pm] **3-Course Eid Lunch**
[3-4pm] **Kids' Performances and Fashion Show**
[4-6pm] **Movie Show for Kids (in a separate room)**
[4-4:30pm] **Games and Raffle Draw**
[4:30-5pm] **Tea and Snacks**
[5-6pm] **Musical Show by TARIQUE and Others**
[6-7pm] **Concert by PRETOM's BAND (from London)**
[2-6pm] **Stalls**
(For your stall
contact Lata: 07853375185 ASAP)

Contact:
Newcastle and Tynemouth:
Lata (07853375185), Shirin (07742796220)
Gateshead and Durham: Rishad (07846051379)
Tees Valley and Others areas: Mosharraf (07887886815)

Organised by:
utsab উৎসব North East Bangladeshi Families
www.utsab.uk